



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইট: www.brur.ac.bd

Public Relations, Information & Publication
Division
Begum Rokeya University, Rangpur
Email: office.publicrelations@brur.ac.bd

স্মারক: বেরোবি/জতপ্রবি/২০২৫/জানুয়ারি/১২৮৮

তারিখ: ৩০/০১/২০২৫

জুলাই বিপ্লবে বেরোবির আহত শিক্ষার্থীদের সুচিকিৎসায় সব ব্যবস্থা নেওয়া হবে: উপাচার্য

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী বলেছেন, জুলাই বিপ্লবে বেরোবির আহত শিক্ষার্থীদের সুচিকিৎসার জন্য প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, আহতদের চিকিৎসার জন্য প্রথম থেকেই পদক্ষেপ নেয়ার চেষ্টা করেছি। এরই প্রেক্ষিতে গণঅভ্যুত্থানে আহত শিক্ষার্থীদের তালিকা ও সুচিকিৎসা নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ৩৯ জন আহত শিক্ষার্থীকে শনাক্ত করেন। আহত শিক্ষার্থীদের পরামর্শ ও প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করায় রংপুর মেডিকেল কলেজের প্রতি আন্তরিক ধন্যবাদ জানান উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী।

আজ বৃহস্পতিবার (৩০ জানুয়ারি, ২০২৫) সকালে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে গঠিত মেডিকেল বোর্ডের কাছে বেরোবির আহত শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণকালে বেরোবি উপাচার্য এসব কথা বলেন। দ্বিতীয় দিনে বেরোবির আহত শিক্ষার্থীরা তাদের শারীরিক ও স্বাস্থ্যগত বিভিন্ন সমস্যা রংপুর মেডিকেল কলেজের বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দের কাছে উপস্থাপন করেন।

রংপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) অধ্যাপক ডাঃ মোঃ শরিফুল ইসলাম বলেন, রংপুর মেডিকেল কলেজে জুলাই বিপ্লবে আহত শিক্ষার্থীদের চিকিৎসা সহযোগিতা ও পরামর্শ দিতে পেরে আমরা ধন্য। তিনি বলেন, ভবিষ্যতে যে কোন সময়ে আহত শিক্ষার্থীদের চিকিৎসা সহায়তা প্রদানের জন্য প্রস্তুত থাকবে।

উল্লেখ্য, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সময় আহত শিক্ষার্থীদের চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত মেডিকেল বোর্ড ২৯ ও ৩০ জানুয়ারি দুই দিন বিভিন্ন আহত শিক্ষার্থীর সাথে সাক্ষাৎ করেন এবং প্রয়োজন অনুযায়ী পরবর্তী চিকিৎসার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

এসময় বেরোবির ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. মোঃ ইলিয়াছ প্রামানিক, বেরোবি মেডিকেল সেন্টারের ডেপুটি চিফ মেডিকেল অফিসার ডাঃ এ. এম. শাহরিয়ারসহ অন্যান্য চিকিৎসক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

মোঃ এহতেরামুল হক

সহকারী পরিচালক (জনসংযোগ)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর